

১১৬ নং

তাল--একতালা

শ্রীহরি-গুরুচাঁদ আমায় হরি প্রেম বিলায় ।

প্রেম কে নিবিরে ত্বরায় ক'রে হরি ব'লে চলে আয় ॥

১। রক্তবর্ণ হরি এল, অনর্পিত রস উজ্জ্বল, নিয়ে সফলায় ।

দিল গুরুচাঁদকে বিলাইতে' ঠেকে হরি ভক্তের দায় ॥

২। ব্রহ্মা, বিষ্ণু, সদাশিবে, কৃষ্ণ প্রেমের জন্য সবে,

কাঁদিয়া বেড়ায় ।

ও সে কৃষ্ণ কাঁদে, কেবল আমার হরিচাঁদের প্রেম

আশায় ॥

৩। হরিপ্রেম নিষ্কাম সুধারস, মহাপূর্ণ ব্রহ্মা যার বশ,

নব রসাশ্রয় ।

আছে পঞ্চরসে গিল্টি করা, ভক্তিরসে ঢাকা তায় ॥

৪। হরিপ্রেম সৌরভেতে, কলি-রাজা রাজা হ'তে,

ত্রাসেতে পলায় ।

এসে সেই রাজত্ব নিল সত্য, সত্যযুগ হ'ল উদয় ॥

৫। বলে গোঁসাই গোপালচন্দ্র, ছেড়ে দে অভয় চিন্তসন্দ,

প্রেম নিবিতো আয় ।

হবে প্রেমে তনু ডগমগ দেখবি জগৎ হরিময় ॥

—অভয়চরণ কবিরাজ

